নির্বাহী প্রকৌশলীর কার্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd
সংস্থাপন শাখা-৪

**স্মারক নম্বর:** ২৫.৩৬.০০০০.০০০.২১৭.০৮.০০০২.২৪.৪৪৪

তারিখ: ১০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: জনাব রাশিদা খাতুন'র বহিঃ বাংলাদেশ (ভারত) গমনের অনুমতি প্রদান প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, **জনাব রাশিদা খাতুন,** অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, গণপূর্ত ই/এম পিএন্ডডি বিভাগ, খুলনায় কর্মরত আছেন। তিনি দীর্ঘদিন যাবৎ কিডনিজনিত জটিলতায় ভুগছেন। তার Creatinine মাত্রা ৫.৪৯ এবং মাঝে মাঝে অক্সিজেন লেভেল কমে যাওয়াসহ নানাবিধ শারীরিক সমস্যায় তিনি ভুগছেন। তার কিডনীর উন্নত চিকিৎসা করার উদ্দেশ্যে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধি ৩(১) বি(২) ধারা মোতাবেক ১৬/১০/২০২৫ তারিখ হতে ৩০/১০/২০২৫ তারিখ পর্যন্ত অথবা দেশ ত্যাগের প্রকৃত তারিখ হতে ১৫(পনের) দিনের অর্জিত ছুটি মঞ্জুরিসহ নিম্নোক্ত শর্তে বহিঃ বাংলাদেশ (ভারত) গমনের অনুমতি প্রদান করা হলো।

ক) নির্ধারিত সময়ের বেশি তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না।
খ) উক্ত ভ্রমণের জন্য বাংলাদেশ সরকারের কোনো দেশী বা বৈদেশিক অর্থ ব্যয়ের সংশ্লিষ্টতা থাকবে না।
গ) তিনি ছুটিকালীন সময়ে দেশীয় মুদ্রায় বেতন ও ভাতাদি গ্রহণ করবেন।
ঘ) তিনি দেশে প্রত্যাবর্তন করে স্বপদে যোগদান করবেন।

এতে প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

২৫-০৯-২০২৫
(মোঃ মাহাবুব হাসান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
se_est@pwd.gov.bd

জনাব রাশিদা খাতুন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
গণপূর্ত ই/এম পিএন্ডডি বিভাগ, খুলনা (তাকে বহিঃবাংলাদেশ হতে স্বদেশ প্রত্যাবর্তন পূর্বক প্রমাণক স্বরুপ সংশ্লিষ্ট পাসপোর্ট-এ ইমিগ্রেশনের সীলকৃত পৃষ্ঠা অত্র দপ্তরে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

**স্মারক নম্বর:** ২৫.৩৬.০০০০.০০০.২১৭.০৮.০০০২.২৪.৪৪৪/১ (৭)

তারিখ: ১০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা গণপূর্ত জোন, খুলনা। (ইহা তাঁর দপ্তরের স্মারক নং-৭০৬, তারিখঃ ০৪/০৯/২০২৫ এর বরাতে)।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা গণপূর্ত সার্কেল, খুলনা।
৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম পিএন্ডডি বিভাগ, খুলনা।
৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, পূর্ত ভবন, ঢাকা।
৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা।
৬। ইমিগ্রেশন অফিসার, সকল স্থল বন্দর, বাংলাদেশ/সকল বিমান বন্দর, বাংলাদেশ।
৭। গার্ড ফাইল /, সংরক্ষণ নথি।

২৫-০৯-২০২৫
(মোঃ মাহাবুব হাসান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)